

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 25 May, 2025

তেল বিক্রয়ের কমিশন ন্যূনতম সাত শতাংশ করা, সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমির ইজারা মাশুল কমানোসহ ১০ দফা দাবিতে রাজধানী ঢাকাসহ সারাদেশের বেশিরভাগ পেট্রোলপাম্প বন্ধ রয়েছে।

আজ রোববার দুপুর ২টা পর্যন্ত এই কর্মবিরতি পালন করবে বাংলাদেশ পেট্রোলপাম্প ও ট্যাংকলরি মালিক ঐক্য পরিষদ।

আন্দোলনকারীদের অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে—

- পেট্রোলপাম্প যেহেতু কোনো শিল্প নয়, তাই বিভিন্ন কারণে পরিবেশ অধিদপ্তর, কলকারখানা অধিদপ্তর কিংবা ফায়ার সার্ভিস থেকে নিবন্ধন বাতিলের বিধান বন্ধ করতে হবে।
- পাম্পের সংযোগ সড়কের ইজারাপ্রাপ্ত ভূমির নবায়ন সহজ করতে হবে।
- বিএসটিআই শুধু ডিসপেন্সিং ইউনিট, স্ট্যাম্পিং ও পরিমাপ যাচাইয়ের কার্যক্রম পরিচালনা করতে পারবে।
- দেশের বিভিন্ন স্থানে যত্রতত্র জ্বালানি তেল বিক্রয় বন্ধ করতে হবে।
- ট্যাংকলরির কাগজপত্র পরীক্ষার নামে রাস্তায় ট্যাংকলরি থামানো যাবে না।

তেল বিক্রয় ভূমির ইজারা